প্রকা/শানিবি-৪(২)অংশ/২০২০-২০২১/ ২৪৬ (৪০১) তারিখ: ১০.০৮.২০২০

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রসংগে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ পালনের লক্ষ্যে ২৮ জুলাই ২০২০ তারিখ মঙ্গলবার রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট-এ সকাল ১১:৩০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

০২। সভায় স্বাস্থ্যবিধি মেনে জনসমাগম যথাসম্ভব কম রেখে জনস্বাস্থ্য-১ অধিশাখা, স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর ৩০.০৭.২০২০ তারিখের স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/২০৬ নম্বর পত্রে বর্ণিত (সংযুক্ত) নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত একটি উপদেষ্টা কমিটি ও একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয় এবং উক্ত দিবস উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গৃহিত হয় (কার্যবিবরণী সংযুক্ত)।

০৩। এক্ষণে, সংযুক্ত কার্যবিবরণী আলোকে জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয়পূর্বক সকল শাখা ও কার্যালয়ের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে যথাযোগ্য ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস-২০২০ পালন এবং এতদ্বিষয়ে গৃহিত কর্মসূচি সাফল্যমন্ডিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১০/০৮/২০২০

(মোঃ মহববত আলী বিশ্বাস)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/শানিবি-৪(২)অংশ/২০২০-২০২১/ ২৪৬ (৪০১) / ৫৩ তারিখ: ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয়/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। অফিস নথি।

১০.০৮.২০২০

(শাকিল মাহমুদ)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ পালনের লক্ষ্যে ২৮ জুলাই ২০২০ তারিখ মঙ্গলবার রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট-এ সকাল ১১:৩০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়।

উক্ত প্রস্তুতিমূলক সভায় উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়; মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়; বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী; প্রধান কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ইউনিট প্রধান; অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট; সভাপতি/সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব কর্মচারী সংসদ (সিবিএ); সভাপতি/সাধারণ সম্পাদক অফিসার্স এ্যাসোসিয়েশন; সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার্স ফোরাম এবং জনসংযোগ কর্মকর্তাসহ আরও অনেকে উপস্থিত ছিলেন। সভার শুরুতে অনুষ্ঠানের সভাপতি মহোদয় ১৫ আগস্ট অনুষ্ঠানমালা সাফল্যমন্ডিত করণের লক্ষ্যে উপস্থিত সকলকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের আহবান জানান। জাতীয় শোক দিবস-২০২০ জনসমাগম যথাসম্ভব কম রেখে যথাযোগ্য মর্যাদায় পালন ও সফল করার জন্য উপস্থিত কর্মকর্তা/নেতৃবৃন্দ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন।

জাতীয় শোক দিবস-২০২০ উপলক্ষ্যে গৃহিত কর্মসূচি সাফল্যমন্ডিত করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি উপদেষ্টা কমিটি ও একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়:

সম্মানিত উপদেষ্টা কমিটি (পদাধিকার বলে):

(ক)	জনাব এ.কে.এম সাজেদুর রহমান খান ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	প্রধান উপদেষ্টা
(খ)	জনাব মোহাম্মদ ইদ্রিছ উপ-ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	উপদেষ্টা
(গ)	জনাব তৌহিদা খাতুন মহাব্যবস্থাপক (প্রশাসন), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	উপদেষ্টা
(ঘ)	জনাব আজিজুল ইসলাম সরকার বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী; রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	উপদেষ্টা

আহবায়ক কমিটি

(ক)	জনাব তৌহিদা খাতুন মহাব্যবস্থাপক (প্রশাসন), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	আহবায়ক
(খ)	জনাব এস. এম আব্দুল হান্নান সভাপতি, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ)	সদস্য
(গ)	জনাব আবু নাঈম মোঃ ফজলে রাব্বি সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ)	সদস্য
(ঘ)	জনাব শওকত শহীদুল ইসলাম সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব অফিসার্স এ্যাসোসিয়েশন	সদস্য
(ঙ)	জনাব শেখ মোঃ তৌফিক এলাহী সভাপতি, কেন্দ্রীয় কমিটি, রাকাব অফিসার্স ফোরাম	সদস্য
(চ)	জনাব রঞ্জিত কুমার সেন উপ-মহাব্যবস্থাপক, কর্মী ব্যবস্থাপনা বিভাগ	সদস্য
(ছ)	জনাব মোঃ আবুল কালাম উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	সদস্য
(জ)	মোঃ জাকির হোসেন সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), ঋণ আদায় বিভাগ-২	সদস্য

ক্রমশ: পাতা-০২

(ঝ) জনাব মোঃ মিজানুর রহমান — সদস্য
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), সাধারণ সেবা বিভাগ

(ঞ) জনাব সুব্রত কুমার সরকার — সদস্য
অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট

(ট) মোঃ মাহমুদুল আলম — সদস্য
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), ইঞ্জিনিংয়ারিং, প্রকিউরমেন্ট এ্যান্ড মেইনটেন্যান্স বিভাগ

(ঠ) জনাব মোঃ জামিল — সদস্য
জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল

(ড) মোঃ সাদেকুল ইসলাম — সদস্য
উর্ধতন মুখ্য কর্মকর্তা, কমপ্লায়েন্স বিভাগ

(ঢ) জনাব মোঃ হাসিবুল ইসলাম — সদস্য
যুগ্ম সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ)

(ণ) জনাব আশরাফুল হক নিজামী — সদস্য
সহ-সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ)

(ত) জনাব মিঠুন রায় — সদস্য
সাংগঠনিক সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ)

(থ) জনাব মোঃ রাশেদুল ইসলাম — সদস্য
মুখ্য কর্মকর্তা, শাখা নিয়ন্ত্রণ বিভাগ

(দ) জনাব মোঃ ময়নুল হক — সদস্য
উর্ধতন কর্মকর্তা, শাখা নিয়ন্ত্রণ বিভাগ

(ধ) জনাব মোঃ মহববত আলী বিশ্বাস — সদস্য সচিব
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), শাখা নিয়ন্ত্রণ বিভাগ

সভায় জনস্বাস্থ্য-১ অধিশাখা, স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর ৩০.০৭.২০২০ তারিখের স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/২০৬ নম্বর পত্রে বর্ণিত (সংযুক্ত) নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস স্বাস্থ্যবিধি মেনে পালনের নিমিত্ত সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	সিদ্ধান্ত/কর্মসূচী	বাস্তবায়নকারী বিভাগ/কার্যালয়/শাখা
(১)	শাখা/কার্যালয়ের দর্শনীয় স্থানে সংযুক্ত নমুনা ও মাপ অনুযায়ী (১২'×৪') ব্যানার আগস্ট মাসব্যাপি প্রদর্শন করতে হবে।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল শাখা
(২)	১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে নির্দিষ্ট মাপ অনুযায়ী নতুন জাতীয় পতাকা বানিয়ে দৃশ্যমান স্থানে সূর্যোদয়ের সাথে সাথে যথাযথ মর্যাদায় অর্ধনমিত অবস্থায় উত্তোলন এবং সূর্যাস্তের সঙ্গে সঙ্গে তা নামানো।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল শাখা
(৩)	বঙ্গবন্ধু অঙ্গনে রক্ষিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য প্রদান।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
(৪)	ব্যাংক ভবন চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্প স্তবক অর্পণ।	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
(৫)	প্রধান কার্যালয়ের মসজিদে পবিত্র কোরআন খতম ও বিশেষ মোনাজাতের আয়োজন।	সাধারণ সেবা বিভাগ
(৬)	ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে জাতির পিতার জীবনচরিত, আদর্শ, দর্শন ইত্যাদির উপর আলোচনা সভার আয়োজন। আলোচনা সভায় সকল বিভাগ/কার্যালয়/শাখার সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের ভার্চুয়াল উপস্থিতি নিশ্চিত করত: সকাল ১০.৩০ ঘটিকায় সভার কার্যক্রম শুরু করতে হবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ক্রমশ: পাতা-০৩

(৭)	সারা মাসব্যাপী ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর কালো ব্যাজ ধারণ ও বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত কোট পিন পরিধান।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল শাখা
(৮)	প্রধান কার্যালয় চত্বরে স্থাপিত ডিজিটাল ডিসপ্লেতে জাতির পিতার জীবনচরিত, আদর্শ, দর্শন ইত্যাদির উপর নির্মিত ডকুমেন্টারি ভিডিও/স্থির চিত্র প্রচার।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
(৯)	সরকারিভাবে জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণের সরকারি নির্দেশনা মোতাবেক সামাজিক দূরত্ব বজায় রেখে উপস্থিত থাকা। স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যাংকের সীমিত সংখ্যক কর্মকর্তা/কর্মচারীগেণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিতকরণ।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল শাখা (জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক ও উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয়পূর্বক)
(১০)	মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত সারাদেশে এক কোটি চারা বিতরণ ও রোপণ কর্মসূচির পাশাপাশি "জাতীয় বৃক্ষরোপণ অভিযান-২০২০" পালনের লক্ষ্যে রাকাবে সর্বমোট ৪০,০০০ ফলজ/বনজ/ঔষধি জাতের বৃক্ষ বিতরণ।	প্রধান কার্যালয় সকল বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় সকল জোনাল কার্যালয়/জোনাল নিরীক্ষা কার্যালয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা কর্পোরেট শাখা স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল শাখা

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৭/২০

(এ,কে,এম সাজেদুর রহমান খান)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি
জাতীয় শোক দিবস-২০২০ পালন কমিটি

প্রকা/শানিবি-১৫/২০২০-২০২১/ তারিখ: ২৮.০৭.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয়/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী ও ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব, কর্মচারী সংসদ (সিবিএ);
সভাপতি, কেন্দ্রীয় কমিটি, রাকাব অফিসার্স এ্যাসোসিয়েশন; সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, রাকাব অফিসার্স ফোরাম।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

২৮.০৭.২০২০

(তৌহিদা খাতুন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
আহবায়ক
জাতীয় শোক দিবস-২০২০ পালন কমিটি

১৫ই আগষ্ট উদযাপন উপলক্ষ্যে পালনীয় স্বাস্থ্যবিধি

শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান

- অনুষ্ঠান স্থলের প্রবেশ ও বাহির পথ পৃথক ও নির্দিষ্ট করতে হবে।
- শ্রদ্ধাজ্ঞাপন স্থানে একাসাথে ১৫-২০ জনের বেশি মানুষ প্রবেশ করতে পারবেন না। আগত ব্যক্তিবর্গ নির্দিষ্ট দূরত্ব (৩ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে লাইন করে সারিবদ্ধভাবে প্রবেশ করবেন এবং শ্রদ্ধাজ্ঞাপন শেষে বের হয়ে যাবেন। সম্ভব হলে পুরো পথ পরিক্রমাটি গোল চিহ্ন দিয়ে নির্দিষ্ট করা যেতে পারে।
- সমাবেশ আগত সকলের মাস্ক পরা বাধ্যতামূলক। প্রবেশ পথে হ্যান্ডস্যানিটাইজার সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।
- সর্দি, কাশি,জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ অনুষ্ঠান স্থলে প্রবেশ করবেন না।
- হাঁচি বা কাশির সময় টিস্যু, রুমাল বা কনুই দিয়ে নাক ও মুখ ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত বিনের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরীভাবে তা অপসারনের ব্যবস্থা করতে হবে।
- স্থানীয় প্রশাসন, স্বাস্থ্য বিভাগ ও আইনশৃঙ্খলা রক্ষা বাহিনীর সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।

আলোচনা সভা/মিলাদ মাহফিল

- জনসমাগম যথা সম্ভব কম রাখতে হবে। অনুষ্ঠান স্থল বা কক্ষের আয়তনের উপর লোকসংখ্যার উপস্থিতি নির্ধারণ করতে হবে।
- অনুষ্ঠানে আগত সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক, মাস্ক ব্যতীত কাউকে অনুষ্ঠান প্রাঙ্গনে প্রবেশ করতে দেয়া যাবে না।
- প্রবেশ পথে সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা যেতে পারে। সম্ভব না হলে হ্যান্ড স্যানিটাইজারের সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।
- অনুষ্ঠানস্থলে একজন থেকে আরেকজন নির্দিষ্ট দূরত্ব (৩ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে বসার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে বসার স্থানটি নির্দিষ্ট করে দিতে হবে।
- হাঁচি বা কাশির সময় টিস্যু অথবা কনুই দিয়ে মুখ এবং নাক ঢাকতে হবে এবং ব্যবহৃত টিস্যু ও বর্জ্য নির্দিষ্ট জায়গায় ফেলতে হবে। জরুরি বর্জ্য অপসারনের ব্যবস্থা স্থাপন করতে হবে।
- স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং স্বাস্থ্য বিভাগের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

১৫ আগস্ট ২০২০ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদত বার্ষিকীতে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস-২০২০ পালনের নিমিত্ত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয় এর অনুষ্ঠান সূচি:

ক্র.নং	তারিখ	সময়	বিবরণ
০১।	১৫ আগস্ট ২০২০	ভোর ৫:১৫ টায়	সূর্যোদয়ের সাথে সাথে ব্যাংক ভবনে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত)
০২।	১৫ আগস্ট ২০২০	সকাল ৫:৩০ টায়	বঙ্গবন্ধু অঙ্গনে রক্ষিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য প্রদান
০৩।	১৫ আগস্ট ২০২০	সকাল ৫:৪৫ টায়	ব্যাংক ভবন চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্প স্তবক অর্পণ
০৪।	১৫ আগস্ট ২০২০	সকাল ৭:৩০ টায়	প্রধান কার্যালয়ের মসজিদে পবিত্র কোরআন খতম ও বিশেষ মোনাজাত
০৫।	১৫ আগস্ট ২০২০	সকাল ১০:৩০ টায়	পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে জাতির পিতার জীবনচরিত, আদর্শ, দর্শন ইত্যাদির উপর ভার্চুয়াল সভার আয়োজন। সভায় সকল বিভাগ/কার্যালয়/শাখার সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের ভার্চুয়াল উপস্থিতি নিশ্চিত করত: সকাল ১০.৩০ ঘটিকায় সভার কার্যক্রম শুরু।
০৬।	সারা মাসব্যাপী		ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর কালো ব্যাজ ধারণ ও বঙ্গবন্ধু জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত কোট পিন পরিধান
০৭।	সারা মাসব্যাপী		প্রধান কার্যালয় চত্বরে স্থাপিত ডিজিটাল ডিসপ্লেতে জাতির পিতার জীবনচরিত, আদর্শ, দর্শন ইত্যাদির উপর নির্মিত ডকুমেন্টারি ভিডিও/স্থির চিত্র প্রচার।
০৮।	১৬ জুলাই ২০২০ হতে ১৫ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত		মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত সারাদেশে এক কোটি চারা বিতরণ ও রোপণ কর্মসূচির পাশাপাশি "জাতীয় বৃক্ষরোপণ অভিযান-২০২০" পালনের লক্ষ্যে রাকাবে সর্বমোট ৪০,০০০ ফলজ/বনজ/ঔষধি জাতের বৃক্ষ বিতরণ।